

## বড় শির্ক ও ছোট শির্ক

বিভাগ/অধ্যায়ঃ বড় শির্কের প্রকারভেদ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৫. কিয়ামতের দিন আল্লাহ্ তা'আলার একান্ত ইচ্ছা ছাড়াও অন্য কোন নবী বা ওলী তাঁর হাত থেকে কাউকে ক্ষমা করিয়ে নিতে পারবে এমন মনে করার শির্ক

কোন ব্যক্তি সে আল্লাহ্ তা'আলার যতই নিকটতম বান্দাহ্ হোক না কেন আল্লাহ্ তা'আলার একান্ত ইচ্ছা ছাড়া কাউকে তাঁর হাত থেকে ক্ষমা করিয়ে নিতে পারে না।

আল্লাহ্ তা'আলা রাসূল (সা.) কে উদ্দেশ্য করে বলেন:

«اسْتَغْفِرْ لَهُمْ أَقْ لاَ تَسْتَغْفِرْ لَهُمْ، إِنْ تَسْتَغْفِرْ لَهُمْ سَبْعِيْنَ مَرَّةً فَلَنْ يَّغْفِرَ اللهُ لَهُمْ، ذَلِكَ بِأَنَّهُمْ كَفَرُوْا بِاللهِ وَرَسُوْلِهِ، وَاللهُ لاَ يَهْدِيْ الْقَوْمَ الْفَاسِقِيْنَ»

"(হে নবী!) আপনি তাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন বা নাই করুন উভয়ই সমান। আপনি যদি তাদের জন্য সত্তর বারও ক্ষমা প্রার্থনা করেন তবুও আল্লাহ্ তা'আলা তাদেরকে ক্ষমা করবেন না। তা এ কারণে যে, তারা আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূলের সাথে কুফরি করেছে। আর আল্লাহ্ তা'আলা এরূপ অবাধ্য লোকদেরকে কখনো সঠিক পথ দেখান না"। (তাওবাহ : ৮০)

একমাত্র আল্লাহ্ তা'আলাই বান্দাহ্'র সকল অপরাধ ক্ষমাকারী। তিনি ইচ্ছে করলেই কেউ ক্ষমা পেতে পারে। অতএব একান্তভাবে তাঁর নিকটই ক্ষমা চাইতে হবে। অন্য কারোর কাছে নয়।

আবু যর (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) ইরশাদ করেন:

يَا عِبَادِيْ! إِنَّكُمْ تُخْطِئُوْنَ بِاللَّيْلِ وَالنَّهَارِ وَأَنَا أَغْفِرُ الذُّنُوْبَ جَمِيْعًا فَاسْتَغْفِرُوْنِيْ أَغْفِرْ لَكُمْ

"(আল্লাহ্ তা'আলা নিজ বান্দাব্দেরকে বলেন) হে আমার বান্দাহ্রা! তোমরা সবাই রাতদিন গুনাহ্ করছো। আর আমিই সকল গুনাহ্ ক্ষমাকারী। অতএব তোমরা আমার নিকট ক্ষমা চাও। আমি তোমাদেরকে ক্ষমা করে দেবো"। (মুসলিম, হাদীস ২৫৭৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11634

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন